

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঢাকা কলেজ, ঢাকা

তারিখ: ২৯/০৮/২০১৭ খ্রি:

## বিজ্ঞপ্তি

সম্মানিত বিভাগীয় প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের মাস্টার্স শেষপর্বের পরীক্ষার্থীদের প্রবেশপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় হতে কলেজে প্রেরণ করা হয়েছে। প্রবেশপত্র আগামী ০৪/০৯/২০১৭ তারিখ থেকে ছাত্রদেরকে প্রদান করার ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিটি প্রবেশপত্র ০৩ কপি ফটোকপি করতে হবে। প্রবেশপত্রের মূল কপি এবং ০১টি ফটোকপিতে ছাত্রদের পাসপোর্ট সাইজের রঙীন ছবি আঠা দিয়ে লাগতে হবে যাতে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। মূল প্রবেশপত্র ছাত্রদেরকে প্রদান করতে হবে এবং ছবি লাগানো প্রবেশপত্রের ফটোকপি বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য অফিসে জমা দিতে হবে। তাছাড়াও অফিস এবং বিভাগে সংরক্ষণের জন্য প্রবেশপত্রের আরো ০২টি ফটোকপি করে ০১ কপি অফিসে এবং ০১ কপি বিভাগে জমা রাখতে হবে।

৩০০২৩৩৩৬  
প্রফেসর মোঃ মোয়াজ্জম হোসেন মৌল্লাহ ২০/৮/১৭  
অধ্যক্ষ  
ঢাকা কলেজ, ঢাকা  
২৯/৮/২০১৭